



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০৩.২৫-১০১৯

তারিখ: ৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, দাখিল পরীক্ষা পরিচালনা নীতিমালা-২০২৬ এর নীরব বহিষ্কার সংক্রান্ত নিয়ন্ত্রণ ২৬ ও ২৮.২ অনুচ্ছেদ বাতিল করা হলো।

অনুচ্ছেদ নম্বর ২৬: কোনো পরীক্ষার্থীকে নোটিশের মাধ্যমে প্রকাশ্যে বহিষ্কার করলে যদি আইন শৃঙ্খলার অবনতি হবার আশংকা থাকে অথবা কক্ষপ্রত্যবেক্ষকসহ পরীক্ষা সংক্রান্ত দায়িত্বে নিয়োজিত কোনো কর্মকর্তা/কর্মচারীর নিরাপত্তা বিঘ্নিত হবার সম্ভাবনা থাকে; কেবলমাত্র সেই ক্ষেত্রেই নীরব বহিষ্কার করা যাবে। তবে নীরব বহিষ্কারের বিষয়/ পত্রের পরীক্ষা শেষে প্রত্যবেক্ষকের সুস্পষ্ট বিবরণসহ গোপনীয় প্রতিবেদন প্রস্তুত করে উত্তরপত্র আলাদা প্যাকেটে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পাঠাতে হবে। (উত্তরপত্রের ওএমআর এর প্রথম অংশ আলাদা করা যাবে না)।

অনুচ্ছেদ নম্বর ২৮.২: নীরব বহিষ্কারের ক্ষেত্রে নীরব বহিষ্কারের কারণ স্পষ্টভাবে প্রত্যবেক্ষকের প্রতিবেদনে উল্লেখ থাকতে হবে। পরীক্ষা শেষে নীরব বহিষ্কৃত পরীক্ষার্থীদের সম্ভাব্য কারণেই পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ করার অনুমতি দিতে হবে। তবে পরবর্তী বিষয়ে পরীক্ষায় সে অসদুপায় অবলম্বন না করলেও তার পরবর্তী সকল বিষয়ের সৃজনশীল উত্তরপত্র (কভার পৃষ্ঠার প্রথম অংশ না ছিড়ে) ও নৈর্ব্যক্তিক উত্তরপত্র প্রত্যেক বিষয় ও পত্রের নীরব বহিষ্কারের বিষয়, পত্র ও কারণ উল্লেখপূর্বক প্রতিবেদনসহ আলাদা প্যাকেটে পৃথকভাবে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে জমা দিতে হবে।

উল্লেখিত ২৬ এবং ২৮.২ অনুচ্ছেদ এই বিজ্ঞপ্তি জারির তারিখ হতে বাতিল বলে গণ্য হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২০/০৪/২৬

প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসান
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

E-mail: controller@bmeb.gov.bd


কেন্দ্র সচিব (সকল)
দাখিল পরীক্ষা-২০২৬।

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০৩.২৫-১০১৯

তারিখ: ৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০;
২. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. বিভাগীয় কমিশনার (সকল বিভাগ)
৪. মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (শিক্ষামন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. জেলা প্রশাসক (সকল);
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সকল জেলা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৮. উপজেলা নির্বাহী অফিসার, (সকল), (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৯. জেলা শিক্ষা অফিসার, (সকল);
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১১. প্রোগ্রামার, আইসিটি সেল (মাদ্রাসা বোর্ডের ওয়েব সাইটে পত্রটি আপলোড করার অনুরোধসহ);
১২. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১৩. অফিস কপি।


২০/০৪/২৬

মোহাম্মদ আব্দুস সালাম

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৬৫২৪৮

E-mail: dcexam@bmeb.gov.bd